বশি্ব ডায়াবটেসি দবিসে নন্সি্রে র্যালি ও বজৈ্ঞানকি সমেনিার, হাসপাতালে ভর্তি রোগীদরে চকিৎিসায় বশিষে গুরুত্ব

লখেক: প্রকাশক | প্রকাশতি: 14 November 2026, 01:10 PM | বভিাগ: জাতীয়



বশি্ব ডায়াবটেসি দবিস ২০২৬ উপলক্ষে ‘ডায়াবটেসি প্রতরিোধে দ্রুত পদক্ষপে’ প্রতপিাদ্যকে সামনে রখেে ন্যাশনাল ইনস্টটিউিট অব নউিরোসায়ন্সেসে অ্যান্ড হাসপাতাল (নন্সি্)-এর উদ্যোগে র্যালি ও বজৈ্ঞানকি সমেনিার অনুষ্ঠতি হয়ছে।

শনবিার (১৪ নভম্বের) সকাল সাড়ে ৮টায় নন্সিরে সম্মলেন কক্ষে এ বজৈ্ঞানকি সমেনিার অনুষ্ঠতি হয়। এতে বশিষে পরস্থিতি ও হাসপাতালে ভর্তি রোগীদরে ডায়াবটেসি ব্যবস্থাপনা বষিয়ে বস্তিারতি আলোচনা করা হয়।

অনুষ্ঠানে সভাপতত্বি করনে ন্যাশনাল ইনস্টটিউিট অব নউিরোসায়ন্সেসে অ্যান্ড হাসপাতালরে

পরিচালক ও অধ্যাপক ডা.মোহাম্মদ নুরুজ্জামান খান।প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ডায়াবেটিস বর্তমানে একটি গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য সমস্যা। এ রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সচেতনতার পাশাপাশি দ্রুত রোগ শনাক্তকরণ এবং যথাযথ চিকিৎসা নিশ্চিত করা জরুরি। বিশেষ করে হাসপাতালে ভর্তি রোগীদের ক্ষেত্রে ডায়াবেটিস ব্যবস্থাপনায় বাড়তি সতর্কতা প্রয়োজন। রোগীর শারীরিক অবস্থা, অন্যান্য জটিলতা ও চিকিৎসার ধরন বিবেচনায় নিয়ে সমন্বিত চিকিৎসা দিতে হবে। চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মীদের এ বিষয়ে আরও দক্ষ ও সচেতন হতে হবে।তিনি আরও বলেন, ডায়াবেটিস নিয়ন্ত্রণে নিয়মিত রক্তে গ্লুকোজ পরীক্ষা, সুষম খাদ্যাভ্যাস, শারীরিক পরিশ্রম এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। একই সঙ্গে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে হাসপাতাল ও স্বাস্থ্যসংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে আরও কার্যকর ভূমিকা রাখতে হবে।অনুষ্ঠানে প্যানেল অব এক্সপার্ট হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ডা.মো. আবদুল আলীম, অধ্যাপক ডা.মাহমুদুল ইসলাম, অধ্যাপক ডা.ইয়ামিন শাহরিয়ার চৌধুরী, অধ্যাপক ডা.মো.জয়নুল ইসলাম,অধ্যাপক ডা.আবু জাফর মো.সাইফুদ্দিন, সহযোগী অধ্যাপক ডা. রুস্তম আলী (মধু), অধ্যাপক ডা.ফারহাদ হোসেন চৌধুরী, অধ্যাপক ডা.মোহাম্মদ সাঈদ হাসান এবং অধ্যাপক ডা. আশরাফুল হক মারুফ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এন্ডোক্রাইনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা.মোহাম্মদ আতিকুর রহমান। তিনি বলেন, ডায়াবেটিস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, সময়মতো রোগ শনাক্তকরণ এবং আধুনিক চিকিৎসা ব্যবস্থার যথাযথ প্রয়োগের মাধ্যমে এ রোগের জটিলতা অনেকাংশে প্রতিরোধ করা সম্ভব। বিশেষ করে হাসপাতালে ভর্তি রোগীদের ডায়াবেটিস নিয়ন্ত্রণে চিকিৎসকদের সমন্বিত ও সময়োপযোগী সিদ্ধান্ত গুরুত্বপূর্ণ।সেমিনারে স্পিকার হিসেবে বক্তব্য উপস্থাপন করেন এন্ডোক্রাইনোলজিস্ট ও মেডিকেল অফিসার ডা. শাহনিুর সিদ্দিকী এবং ডা. মো. আমিরুজ্জামান। তাঁরা বিশেষ পরিস্থিতিতে এবং হাসপাতালে ভর্তি রোগীদের ডায়াবেটিস ব্যবস্থাপনার বিভিন্ন দিক, চিকিৎসা পদ্ধতি ও প্রয়োজনীয় সতর্কতা নিয়ে আলোচনা করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এন্ডোক্রাইনোলজিস্ট ও মেডিকেল অফিসার ডা. রহেনুমা তাসনিম। এ ছাড়া কুইজ প্রতিযোগিতা পরিচালনা করেন এন্ডোক্রাইনোলজিস্ট ও মেডিকেল অফিসার ডা. মো. ফারহান লাবিব।

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে আয়োজিত এ কর্মসূচিতে চিকিৎসক ও সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মীরা অংশগ্রহণ করেন। দিবসটি উপলক্ষে আয়োজিত র‍্যালির মাধ্যমে ডায়াবেটিস প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও চিকিৎসা বিষয়ে জনসচেতনতা তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়।অনুষ্ঠানটির আয়োজন করে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস অ্যান্ড হাসপাতালের (নিন্স) এন্ডোক্রাইনোলজি ইউনিট। বৈজ্ঞানিক সহযোগী হিসেবে ছিল ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড।

© 2026 আপনার নডিজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।